দৈনিক বাংলা

তারিখ 16/6/80
পৃষ্ঠা 1 কলাম 5



# খুলনা জেলায় ২৪৭৯টি গ্রামে গণশিক্ষার কাজ শুরু

এ মাসের প্রথম সপ্তাহে খুলনা জেলায় মোট ২ হাজার ৭শত ৬০টি গ্রামের মধ্যে দুই হাজার চারশত উন-চল্লিশটি গ্রামে গণশিক্ষার কাজ শুরু হয়েছে। এসব গ্রামের গণ-শিক্ষাকেন্দ্রে বর্তমানে মোট ২ লাখ ২১ হাজার ৬ শত ১৬ জন নিরক্ষর লোক শিক্ষা গ্রহণ করছেন। এদের মধ্যে ১,৩৬,৭০৯ জন পুরুষ এবং বাকী সকল মহিলা।

এ জেলায় এ পর্যন্ত ২,৮৭,৮৪১ খানা গণশিক্ষা বিষয়ক বই-পুস্তক নিরক্ষরদের মধ্যে বিতরণ করা হয়েছে। জেলা, থানা ও ইউনিয়ন পর্যায়ে মোট ১৭,৩১৫ জন গণশিক্ষা বিষয়ক শিক্ষককে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

গণশিক্ষা অভিযানের কাজ জোরদার

(শেষ পৃঃ ৮-এর কঃ-এ দঃ)

## গণশিক্ষা

(১ম পৃঃ পর)

করার জন্য এখানে মোট ৬,৫৭১টি স্বাক্ষরতা স্কোয়াড গঠন করা হয়েছে। এদের সদস্য সংখ্যা মোট ১৭,৩৭৬ জন। স্কুল-কলেজের উৎসাহী ছাত্র-ছাত্রীরাও এসব স্কোয়াডের সদস্য হয়েছেন। এদের সংখ্যা প্রায় সাড়ে পাঁচ হাজার। ৭টি স্বেচ্ছাসেবী প্রতি-ষ্ঠানও গণশিক্ষার কাজে খুলনা সদর মহকুমায় নিয়োজিত রয়েছেন।